দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 13.2006 পৃষ্ঠা 12 কলাম 6

অভিভাবকদের গোপন ভোটে সিদ্ধান্ত

# দিনাজপুর মেডিক্যাল কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ

দিনাজপুর অফিস

ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের কারণে বন্ধ ঘোষিত দিনাজপুর মেডিক্যাল কলেজ গতকাল (শনিবার) খুলে দেয়া হয়েছে। কলেজ কর্তৃপক্ষের আমন্ত্রণে আসা ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্যে গোপন ব্যালটে ভোটাভুটির মাধ্যমে এ কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ করা হয়েছে। জানা গেছে, গত ২৯ জুলাই উল্লেখিত দুটি ছাত্র সংগঠনের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের পর ৩০ জুলাই কলেজ

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## দিনাজপুর মেডিক্যাল কলেজে

১২-এর পৃষ্ঠার পর

বন্ধ করে ঐদিনই ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছিল। এদিকে কলেজ কর্তৃপক্ষ ছাত্র রাজনীতির পক্ষে মতামত গ্রহণের জন্য অভিভাবকদের কলেজে উপস্থিত হয়ে সিদ্ধান্ত জানানোর জন্য অনুরোধ করে পত্র দেয়। গতকাল মোট ১৬৫ জন অভিভাবক কলেজে উপস্থিত হলে দীর্ঘ আলোচনার পর কলেজে ছাত্র রাজনীতির ব্যাপারে গোপন ব্যালটের মাধ্যমে মতামত গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অতঃপর কলেজ কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে কলেজের হলরুমে অভিভাবকরা গোপন ব্যালটে তাদের মতামত ব্যক্ত করেন। গোপন ব্যালটের ভোটাভুটির ফলাফলে ১৬৫ জনের মধ্যে ১৫৬ জন অভিভাবক কলেজে ছাত্র রাজনীতির বিপক্ষে এবং ১ জন পক্ষে মতামত প্রদান করেন। বাকিরা ভোটদানে বিরত থাকেন। অভিভাবকদের সিদ্ধান্তক্রমে দিনাজপুর মেডিক্যাল কলেজে ছাত্র-রাজনীতি নিষিদ্ধ করা হয়েছে।